সম্পাদককে  পত্র

মাননীয় সম্পাদক মহাশয় সমীপেষু -
আনন্দবাজার পত্রিকা,
৬,প্রফুল্ল সরকার স্ট্রিট,
কলকাতা-৭০০০০১

বিষয় :গঙ্গা দূষণ ও তার প্রতিকার

সবিনয় নিবেদন ,

আপনার বহুল প্রচারিত দৈনিক সংবাদপত্রে “গঙ্গা দূষণ ও তার প্রতিকার" বিষয়ে নিম্নলিখিত অভিমতটি প্রকাশ করে প্রতি সুধী পাঠকের দৃষ্টি আকর্ষণ করলে বাধিত থাকব ।

পুণ্য সলিলা গঙ্গা ভারতবাসীর কাছে দেবী স্বরূপ। তার পবিত্র জলে অবগাহন করে ভারতবাসী কলুষমুক্ত হয় । মানসিক স্বচ্ছতা আমাদের প্রফুল্ল করে ,তাই মাত: গাঙ্গে  আমাদের কাছে কলুষ নাশিনী নামে পরিচিত । গঙ্গা বিধৌত সমভূমি আমাদের অন্নদাতা জননী । শহর-নগর ,জনপদ  সবই গঙ্গার প্রাণ প্রবাহের অনুষঙ্গে আজ কল্লোলিনী তিলোত্তমা । ভারতীয় সভ্যতা ও সংস্কৃতিএই পুণ্য জাহ্নবীর তীরে সংঘটিত হয়েছে ।

ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি বইতে বইতে গঙ্গা আজকে হয়ে উঠেছে দূষিত ।গঙ্গার দু ধারে গড়ে উঠেছে রাজধানী ,অসংখ্য কল-কারখানা ,জনবহুল শহর ও নগর । শহর গুলি থেকে নেমে আসছে দূষিত জল ,আবর্জনা কল কারখানার বজ্য পদার্থ । এইসব প্রাণঘাতী বিষাক্ত রাসায়নিক পদার্থ গঙ্গার পবিত্রতা যেমন নষ্ট করে তাকে জীবাণু নির্ভর করে তুলছে । পরিতক্ত আবর্জনা, দূষিত জল নদীতে পড়ে তার তলদেশ ভরাট করে তুলছে তেমনি দূষিত জলে মাছ ও অন্যান্য জলজ প্রাণী দের অবস্থা বিপন্ন দের অবস্থা বিপন্ন ।

কবি সুকান্ত বলেছেন -"প্রাণপণে পৃথিবীর সরাব জঞ্জাল" পৃথিবীকে কলুষমুক্ত করে  নবজাতকের জন্য উজ্জ্বল পৃথিবী রেখে যেতে হবে  । স্বাধীনতার পরবর্তী কালে পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গঙ্গা দূষণের জন্য কাজ হয়েছে ।গঙ্গা অ্যাকশন প্ল্যান, সেন্ট্রাল গঙ্গা অথরিটি প্রভৃতি কমিটি গঠন করা হয়েছে। ব্যয়ও হয়েছে প্রচুর অর্থ। দূষিত জল ও কারখানার বিষাক্ত রাসায়নিক তরল পদার্থ শোধন  করার ব্যবস্থা করা হয়েছে । এই উদ্যোগ যথেষ্ট নয় জনসাধারণকে এগিয়ে আসতে হবে ,সচেতনতা গড়ে তুলতে হবে । এমন দিন যেন না আসে গঙ্গা দূষণের জন্য কমিটি গঠনের প্রয়োজন পড়ে ।

স্থান -ক বিনীত

তারিখ :২৪-১২-২১ খ

**By Pathak sir 7047352328**
**Online class -200/month**
**8000+ WBCS aspirants** জুড়ে আছে আমাদের  সঙ্গে ।
**WBCS BENGALI COMPULSORY PAPER.com**

সম্পাদককে পত্র

মাননীয় সম্পাদক মহাশয় সমীপেষু -
আনন্দবাজার পত্রিকা,
৬,প্রফুল্ল সরকার স্ট্রিট,
কলকাতা-৭০০০০১

বিষয় : সাহিত্য পাঠের প্রয়োজনীয়তা

সবিনয় নিবেদন ,
আপনার বহুল প্রচারিত দৈনিক সংবাদপত্রে " সাহিত্য পাঠের প্রয়োজনীয়তা " বিষয়ে নিম্নলিখিত অভিমতটি প্রকাশ করে প্রতি সুধী পাঠকের দৃষ্টি আকর্ষণ করলে বাধিত থাকব ।

সাহিত্য হল সমাজের দর্পন ।দেশকালের সীমা অতিক্রম করেও তার আবেদন শেষ হয় না ।সংসার ধূলিজালের মধ্য থেকে উপাদান সংগ্রহ করে মানুষ সাহিত্য সৃষ্টি করে ।আর তা করে বলেই সাহিত্য চিরদিন মানুষের কথা বলে ।সত্যের সঙ্গে তার আত্মিক সম্পর্ক বলে সাহিত্য সমাজ গঠনের বড়ো সহায়ক ।যেখানে সত্য সেখানেই সুন্দর ।

সাহিত্যর সঙ্গে জীবনের সম্পর্ক অতি নিবিড় ।জীবনের অনুকৃতিই সাহিত্য ।তাতে ধরা পড়ে সমাজের অসঙ্গতি,ব্যাক্তি চরিত্রের জটিলতা ,স্বার্থপরতা ইত্যাদি ।সাহিত্য সমাজ সংস্কারের ভূমিকা পালন করে ।সাহিত্য পাঠে সামাজিক জ্ঞান সমৃদ্ধ হয় ।সাহিত্যের উদ্দেশ্য মানব কল্যাণ সাধন ,মুক্তির পথ সৃষ্টি করা এবং আনন্দ দান করা ।সাহিত্য পাঠে মানুষের চিন্তার বিকাশ ঘটে ,মনন তৈরি হয় ।অবরুদ্ধ চিন্তার মুক্তি না ঘটলে মানুষ নিজের মধ্যেই বন্দি হয়ে থাকে ।সাহিত্যের আর একটা দিক হলো মানবিক চেতনার উনমেষ ঘটানো ।সাহিত্যের পরতে পরতে বাণী নিহিত থাকে ।মানুষের শুভবোধের উদ্বোধন ঘটায় ।জীবনের মানবিক গুন কে বিকশিত করে ।

সাহিত্য রচিত হয় এক কালে ,তার ব্যাপ্তি অনন্য কালে ।নদীর মতো সে চিরদিন বয়ে নিয়ে যায় জীবনের মহামন্ত্রের বারিধারা ।ইউরোপের নবজাগরণ কিংবা ভারতের স্বাধীনতা প্রাপ্তি সাহিত্যের অবদান অনেক খানি ।তাইতো সাহিত্য সমকালীন জীবন ও সমাজের দর্পন ।

স্থান -ক বিনীত
তারিখ :২৪-১২-২১ খ

**By Pathak sir 7047352328**
**Online class -200/month**
**8000+ WBCS aspirants** জুড়ে আছে আমাদের সঙ্গে ।
**WBCS BENGALI COMPULSORY PAPER.com**

সম্পাদককে পত্র

মাননীয় সম্পাদক মহাশয় সমীপেষু -
আনন্দবাজার পত্রিকা,
৬,প্রফুল্ল সরকার স্ট্রিট,
কলকাতা-৭০০০০১

বিষয় : বিষয় -শিক্ষা বিস্তারে গ্রন্থাগার

সবিনয় নিবেদন ,

আপনার বহুল প্রচারিত দৈনিক সংবাদপত্রে " বিষয় -শিক্ষা বিস্তারে গ্রন্থাগার" বিষয়ে নিম্নলিখিত অভিমতটি প্রকাশ করে প্রতি সুধী পাঠকের দৃষ্টি আকর্ষণ করলে বাধিত থাকব ।

মানুষের লিখিত কীর্তিকে সংরক্ষণের জন্য গ্রন্থাগারের উৎপত্তি। প্রাচীন কাল থেকেই মানব জীবনে অতপ্রাত জড়িয়ে । বই ব্যাতিত মানব জীবন অসংম্পূর্ণ ।আজ গ্রামে গ্রামে শহরে শহরে গড়ে উঠেছে গ্রন্থাগার ।ভারতবর্ষের অগ্নিগর্ভ সমস্যা হল নিরক্ষরতা ।যুগে যুগে নিরক্ষরতা দূরীকরণে অগ্রণী ভূমিকা নিয়েছে এসেছে ,মানব সভ্যতার বিবর্তন ও বিকাশ ঘটিয়েছে ।

গ্রন্থাগার আমাদের জ্ঞানতীর্থের রত্নভান্ডার।গ্রন্থাগারকে সম্বল করেই সমাজ এগিয়েছে আলোর পথে ।কালো অক্ষরের শৃঙ্খলে কাগজের কারাগারে বন্দি ।রবীন্দ্রনাথ বলেছেন -"এখানে ভাষা চুপ করিয়া আছে ,প্রবাহ স্থির হইয়া আছে,মানবআত্মার অমর আলোকে কালো অক্ষরের শৃঙ্খলে কাগজের কারাগারে বাঁধা পড়িয়া আছে ।হিমালয়ের মাথার উপরে কঠিন তুষারের মধ্যে যেমন কত শত বন্যা বাঁধা পড়িয়া আছে ,তেমনি এই পুস্তকাগারের মধ্যে মানব হৃদয়ের বন্যাকে বাঁধিয়া রাখিয়াছে ।

গ্রন্থাগারকে কেন্দ্র করে সমাজের বিস্তীর্ণ ক্ষেত্রে সাংস্কৃতিক পরিমণ্ডল গড়ে ওঠে ।মানুষের আগ্রহ বাড়ে বই পড়ার প্রতি।বহু জ্ঞান পিপাসু মানুষ এই গ্রন্থাগার থেকে তাঁদের চাহিদা অনুযায়ী বই সংগ্রহ করতে পারেন ।ছাত্র ছাত্রীরাও এখান থেকে তাদের পাঠ্য অতিরিক্ত পুস্তক সংগ্রহ করতে পারে ।সামাজিক মিলন ক্ষেত্রে গ্রন্থাগারে মানুষের শিক্ষার যথার্থ আনন্দ এবং মানবাত্মার পরিপূর্ণ মুক্তি পেতে পারে ।

ভারত সরকার এগিয়ে এসেছে ।সার্বশিক্ষা অভিযানকে সফল করতে আরো গ্রন্থাগার স্থাপনে জোর দেওয়া হচ্ছে ।জ্ঞানের উপযোগী বই গ্রন্থাগারগুলো কে সরবরাহ করা হচ্ছে ।শিক্ষা কে সক্রিয় রাখতে গ্রন্থাগার অপরিহার্য ।বই মানুষ কে অন্ধকার থেকে আলোর পথে নিয়ে যায় ।তাই বইকে জীবনের পরম বন্ধু করে আমাদের এগিয়ে যেতে হবে ।গ্রন্থাগার সেই বইয়ের সংগ্রহশালা।বই সাজিয়ে রাখলে গ্রন্থাগারের সার্থকতা নেই ।পাঠকের সংখ্যা যত বাড়বে গ্রন্থাগারও তত সার্থক হয়ে উঠবে সমাজ ও দেশের কাছে ।

স্থান -ক বিনীত
তারিখ :২৪-১২-২১ খ

**By Pathak sir 7047352328**
**Online class -200/month**
**8000+ WBCS aspirants** জুড়ে আছে আমাদের সঙ্গে ।**WBCS BENGALI COMPULSORY PAPER.com**

## website : wbcs bengali compulsory paper .com

**By Pathak sir 7047352328**
**Online class -200/month**
**8000+ WBCS aspirants** জুড়ে আছে আমাদের সঙ্গে




Like our Facebook page

- কি কি সুবিধা পাবে
- সম্পাদককে পত্র-PAPER CUTTING – প্রতি মাসে
- সম্পাদকীয় প্রতিবেদন-PAPER CUTTING - প্রতি মাসে
-

